

স্মারক নং-১২.০৯.০০০০.০০১.১১.০০৮.২৩-

১৬২৬

তারিখঃ

১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ


২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**প্রজ্ঞাপন**

কৃষি মন্ত্রণালয়ের ১৪ জুন ২০২২ খ্রিঃ তারিখে ১২.০০.০০০০.০৬৪.১১.০০৬.১৬.১০৭ সংখ্যক ছাড়পত্র এবং বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর ২০.০৩.২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের ১২.০৯.০০০০.০০১.১১.০০১.২২-৮১৭ সংখ্যক স্মারকের বিজ্ঞাপন মূলে ২১.০৩.২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে জাতীয় পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে বারটান-এর পদোন্নতি/নিয়োগ বাছাই কমিটির সুপারিশ এবং বোর্ড সভা কর্তৃক অনুমোদন মোতাবেক **জনাব আল শাহরিয়ার রমজান**, পিতা-**মোঃ রজব আলী**, মাতা-**শেফালী**, গ্রাম-**ডেংগারগড়**, ডাকঘর-**শ্রীরামপুর**, উপজেলা/থানা-**জামালপুর সদর**, জেলা-**জামালপুর**-কে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর টাকা ১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১০ অনুযায়ী এবং বাংলাদেশ সরকারের প্রচলিত বিধি মোতাবেক প্রযোজ্য অন্যান্য সুবিধাদিসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে **সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা** পদে নিয়োগ করা হলো।

**শর্তাবলীঃ**

- ১) বারটান নিয়োগ বিধি অনুযায়ী এ নিয়োগ প্রারম্ভিকভাবে ১ (এক) বছর শিক্ষানবিশ কাল হিসেবে গণ্য হবে। তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশ মেয়াদ অনধিক ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করতে পারবে।
- ২) কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই ১ (এক) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা নোটিশের পরিবর্তে ১ (এক) মাসের বেতন প্রদান করে তাঁর শিক্ষানবিশ কালের অবসান ঘটাতে পারবেন এবং এরূপ চাকরির অবসানের কারণে তিনি কোন প্রকার ক্ষতিপূরণ পাবেন না। শিক্ষানবিশি থাকাকালে তিনি ১ (এক) মাসের পূর্বে নোটিশ অথবা ১ মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে অত্র প্রতিষ্ঠানে প্রদান করে চাকরি হতে ইস্তফা দিতে পারবেন।
- ৩) প্রচলিত নিয়ম অনুযায়ী সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য সম্পর্কে প্রদত্ত সন্তোষজনক প্রতিবেদন অনতিবিলম্বে দাখিল করতে হবে। তাঁর স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ মন্তব্য থাকলে বা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৪) তাঁর আবেদনে প্রদত্ত যে কোন তথ্য মিথ্যা প্রমানিত হলে বা স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল প্রমানিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৫) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধিবিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ৬) এ নিয়োগ জনস্বার্থে করা হলো। তাঁকে ২৮.১২.২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে অফিস চলাকালীন সময়ে নির্বাহী পরিচালক, বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ বরাবরে যোগদান করতে হবে। উক্ত সময়ে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- ৭) এ নিয়োগ তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে।
- ৮) তাঁকে চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।



(মো: আব্দুল ওয়ায়দুদ)

নির্বাহী পরিচালক  
(অতিরিক্ত সচিব)

E-mail: ed@birtan.gov.bd

স্মারক নং-১২.০৯.০০০০.০০১.১১.০০৮.২৩-

১৬২৬(১)

তারিখঃ

১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ

২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিতরণঃ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

- ১। জেলা প্রশাসক, জামালপুর।
- ২। পুলিশ সুপার, জামালপুর।

৩। সিভিল সার্জন, জামালপুর।


৪। জনাব আল শাহরিয়ার রমজান, পিতা-মোঃ রজব আলী, মাতা-শেফালী, গ্রাম-ডেংগারগড়, ডাকঘর-শ্রীরামপুর,  
উপজেলা/থানা-জামালপুর সদর, জেলা-জামালপুর।

৫। অফিস নথি।

**অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে)**

১। পরিচালক (যুগ্মসচিব), বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(সৈয়দ সাক্বির আহমেদ)

জনসংযোগ কর্মকর্তা (প্রশাসন)

E-mail: pro@birtan.gov.bd